তারিখ ... 2 1 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

সমকাল

ঝালকাঠিতে আমু

# শিক্ষিত সমাজে ধর্মান্ধতার সুযোগ নেই

■ রাজাপুর (ঝালকাঠি) প্রতিনিধি

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, অশিক্ষিত সমাজে ধর্মান্ধতা প্রবেশ করার সুযোগ থাকে; কিন্তু শিক্ষিত সমাজে ধর্মান্ধতা প্রবেশের সুযোগ থাকে না। শিক্ষিত সমাজ ধর্মপরায়ণ হয়। তারা ধর্মকে জানবে, বুঝবে, ধর্ম পালন করবে। আর অশিক্ষিত হলে তাদের দিয়ে ধর্মের নামে বিপদগামী করে জঙ্গিবাদ সৃষ্টি করা যায়। যারা শিক্ষিত সমাজ না চেয়ে জঙ্গিবাদ সৃষ্টি করতে চায়, সেসব লোকই ধর্মের নামে চলমান শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধে আন্দোলন করতে চান। সুতারং এ ব্যাপারে সবাইকে সাবধানতা অবলম্বন করতে হবে।

শক্রবার দুপুরে ঝালকাঠি সদর উপজেলা পরিষদের হলরুমে মেধাবৃত্তি প্রদান ও জাতীয় শিক্ষা সপ্তাহের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। সদর উপজেলা চেয়ারম্যান মো. সুলতান হোসেন খানের সভাপতিত্বে বক্তব্য রাখেন- পুলিশ সুপার সুভাষ চন্দ্র সাহা, জেলা আওয়ামী লীগের সভাপতি সরদার মো. শাহ আলম, সাধারণ সম্পাদক খান সাইফুল্লাহ পনির, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ মকবুল হোসেন, ঝালকাঠি সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর বিমল চক্রবর্তী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা একেএম হারুন অর রশিদ, শিক্ষার্থী সানজানা স্বপ্নিল প্রমুখ। অনুষ্ঠান শেষে ২২৩ শিক্ষার্থীর মধ্যে মেধাবৃত্তি প্রদান করা হয়।